



চিকিৎসকদের পরামর্শ মেনে ব্যথানাশক ওষুধ সেবন করতে হবে

অতিমাত্রায় ব্যথানাশক ওষুধ হেরোইনের চেয়েও ক্ষতিকর!

প্রথম আলো ডেস্ক ● ৯-২৪/৯/১২

ব্যথানাশক ওষুধ অতিমাত্রায় সেবনে মানুষের শরীরের যে পরিমাণ ক্ষতি হয়, তা হেরোইন ও কোকেনের মতো নেশাদ্রব্যের প্রভাবের চেয়েও মারাত্মক। যুক্তরাষ্ট্রের গবেষকেরা এ তথ্য জানিয়েছেন।

ব্রানডিস বিশ্ববিদ্যালয়ের হেলার স্কুল ফর সোশ্যাল পলিসি অ্যান্ড ম্যানেজমেন্টের আওতাধীন ওষুধের ব্যবহার নিয়ন্ত্রণ কর্মসূচির (পিডিএমপি) বিশেষজ্ঞরা রোগীদের ওষুধ সেবনের ওপর গবেষণা চালান। এতে দেখা যায়, সব ক্ষেত্রে চিকিৎসকের ব্যবস্থাপত্র মানা হচ্ছে না।

পিডিএমপির পরিচালক জন এল ইয়াডি বলেন, ব্যথানাশক ওষুধের অপব্যবহার বন্ধ করতে এর বিরুদ্ধে প্রচারণার মাধ্যমে সাফল্য পাওয়া যেতে পারে। তথ্য সংগ্রহের মাধ্যমে সারা দেশের কোন কোন অঞ্চলে ব্যথানাশকের অপব্যবহার হচ্ছে, তা চিকিৎসকদের নিয়মিত জানানো হচ্ছে। তবে চিকিৎসকদের পরামর্শ মেনে ব্যথানাশক ওষুধ সেবনকারীদের কোনো বাধা থাকবে না। আই.এ.এন.এস।